

## বায়ুফে প্রেসিডেন্টের বিবৃতি- নভেম্বর ২০১৭

### ৭ মার্চ স্মরণে র্যালি আয়োজন

ইউনেস্কোর পক্ষ থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণকে স্বীকৃতি প্রদান উপলক্ষে বিশেষ র্যালির আয়োজন করে বায়ুফে। জাতির জনকের এই ভাষণে উদ্ভুদ্ধ হয়ে মহান মুক্তিযুদ্ধে যোগ দেয় এই দেশের অসংখ্য মানুষ। আর ঠিক একই ধরনের চেতনাকে সামনে রেখে একান্তুরে স্বাধীন বাংলা ফুটবল টিম গঠন করা হয়েছিল।

### এএফসি অ-১৯ বাছাইপর্বে

এএফসি অ-১৯ বাছাইপর্বে ছোটখাট ভুলের মাশুল দিতে হয়েছে বাংলাদেশ দলকে। ২ জয়, ১ ড্র এবং ১ হার নিয়ে প্রতিযোগিতা শেষ করা অ-১৯ দল অনায়াসে ২টি এমনকি ৩টি ম্যাচে জয়লাভ করতে পারতো। ভবিষ্যতে দলটিকে আরো কঠোর প্রশিক্ষণ এবং আন্তর্জাতিক ম্যাচ খেলার সুযোগ দিতে হবে। তবে অ-১৯ দলের সামগ্রিক পারফরম্যান্সে আমি খুশি এবং দলটি ভবিষ্যতে আরো ভাল করবে আশা করছি।

### বায়ুফে এএফসি সি কোচিং কোর্স

২৪জন নতুন কোচদের নিয়ে গেল নভেম্বর এএফসি সি লেভেল সার্টিফিকেশন কোর্সের আরো একটি রাউন্ডের আয়োজন করে বায়ুফে। এ নিয়ে মোট ৯৬ জন কোচকে এ বছর সি লেভেল সার্টিফিকেট দিয়েছি আমরা। কোচিং কোর্সের প্রক্রিয়া বেশ ভালভাবে এগিয়ে চলছে এবং এই দক্ষ কোচদের মাধ্যমেই ভবিষ্যতে মেধাবী ফুটবলার তৈরি হবে।

### বায়ুফে এএফসি এ পার্ট-১ কোচিং কোর্স

বিভিন্ন ক্লাব ও ঢাকার স্থানীয় ২৪ জন সিনিয়র কোচদের নিয়ে বায়ুফের টেকনিক্যাল ডিরেক্টর পল স্মলির তত্ত্বাবধানে প্রথমবারের মতো বায়ুফে এএফসি এ লেভেল কোচিং কোর্স সম্পন্ন করা হয়েছে। ভবিষ্যতে প্রিমিয়ার লীগের ক্লাবগুলোর জন্য এই এ লেভেল সম্পন্ন করা কোচ রাখা বাধ্যতামূলক করা হবে। এই কোর্সের দ্বিতীয় পর্ব আগামী বছর শুরু হবে।

বায়ুফের কোচিং ডেভেলপমেন্ট প্রোগ্রামের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ এটি। এ ধরনের কোর্সের মাধ্যমে কোচদের দক্ষতা বৃদ্ধির পাশাপাশি দেশের ফুটবলের সামগ্রিক উন্নতি সাধনের পথ সহজ হবে।

### ফিফা এমএ রেফারি ইন্সট্রাক্টর কোর্স

বায়ুফে ভবনে দেশের ২৮ জন রেফারির অংশগ্রহণে সফলভাবে তিন দিনব্যাপী ফিফা এমএ

রেফারি ইন্সট্রাক্টর কোর্স আয়োজন করা হয়েছে। ফিফা কর্মকর্তা রবিচন্দ্রন চাঞ্চানিমুতু এবং অ্যালান স্নোডি এই কোর্স পরিচালনা করেন।

### **সাইফ পাওয়ার টেক থার্ড ডিভিশন লিগ**

সাইফ পাওয়ার টেক থার্ড ডিভিশন লিগ ২০১৮ সালের জানুয়ারি থেকে শুরু হবে। প্রতিযোগিতার জন্য ট্রান্সফার উইন্ডো চলতি ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে শুরু হবে। এক্ষেত্রে নির্দিষ্ট তারিখ ও খেলার সূচি যথাযথ সময়ে প্রকাশ করা হবে। এ উপলক্ষে বিভিন্ন ক্লাব কর্মকর্তাদের আগামী ৬ জানুয়ারি ২০১৮-এর মধ্যে বিস্তারিত তথ্য পাঠাতে বলা হয়েছে।

### **ইস্তাম্বুলে ফিফা এক্সিকিউটিভ ফুটবল সামিট**

ফিফা এক্সিকিউটিভ ফুটবল সামিট-এর দ্বিতীয় রাউন্ডের অংশ হিসেবে ইস্তাম্বুলে গত ২৩ নভেম্বর আয়োজিত সামিটে অংশ নেয় বাফুফে। ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনোর অংশগ্রহণে আয়োজিত সামিটে ভবিষ্যতের নানা পদক্ষেপ নিয়ে আলোচনা করা হয়। ফিফার সহযোগী দেশসমূহের প্রতিনিধি ও ফিফার কর্মকর্তাদের উপস্থিতিতে সামিটে ফুটবল উন্নয়ন প্রোগ্রাম নিয়ে বাফুফের পক্ষ থেকে মতামত উপস্থাপন করা হয়।

### **বিসিএল চ্যাম্পিয়ন হয়েছে বসুন্ধরা কিংস**

১৮ ম্যাচ থেকে ৩৫ পয়েন্ট সংগ্রহ করে মার্সেল বাংলাদেশ চ্যাম্পিয়নস লীগে চ্যাম্পিয়ন হয়েছে বসুন্ধরা কিংস। এর মাধ্যমে পরবর্তী মৌসুমে বাংলাদেশ প্রিমিয়ার লীগে খেলতে পারবে দলটি। অন্যদিকে প্রতিযোগিতায় সবচেয়ে কম পয়েন্ট সংগ্রহ করে রেলিগেশনের মুখে পরেছে কারওয়ান বাজার প্রগতি সংঘ।